# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৪ নভেম্বর ২০১৫, ১০ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে আইএস কিংবা জঙ্গিদের স্থান হবে না : সংসদে সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী

২। সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসি নিয়ে আপত্তিকর মন্তব্য করায় ক্ষুব্ধ বাংলাদেশ : পাকিস্তানকে কড়া জবাব
- পাকিস্তানের বিবৃতিতে তীব্র অসন্তোষ প্রধানমন্ত্রীর

৩। জীববৈচিত্র্য আইন মন্ত্রিসভায় অনুমোদন

৪। মুক্তিযোদ্ধাদের সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা : স্বাস্থ্যমন্ত্রী

৫। হাতে লেখা পাসপোর্ট আজ থেকে অচল : সময় বাড়ানোর আবেদন বাংলাদেশের

৬। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ পেলেই ফেসবুকসহ অ্যাপসগুলো খোলা হবে : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৭। দশম জাতীয় সংসদের অষ্টম অধিবেশন সমাপ্ত

৮। ৩৪তম বিসিএস ফলের বৈধতা নিয়ে হাইকোর্টের রুল

৯। বাংলাদেশে শিক্ষার মানোন্নয়নে ১ হাজার ৪শ’ কোটি টাকা ঋণ দেবে এডিবি

১০। দেশের ২৩৬ পৌরসভায় ৩০ ডিসেম্বর নির্বাচন : আজ তফসিল ঘোষণা

১১। রাজধানীর জলাবদ্ধতা নিয়ে বিশ্বব্যাংকের গবেষণা : ক্ষতি ১১ হাজার কোটি টাকা

চলমান পাতা/২

**১। দেশে আইএস কিংবা জঙ্গিদের স্থান হবে না : সংসদে সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, যুদ্ধাপরাধীদের বিচার সম্পন্ন করতে না পারলে বাংলাদেশ কখনোই অভিশাপমুক্ত হবে না। কারণ, একাত্তরের মহান মুক্তিযুদ্ধে তারা যে অপরাধ করেছে, তার কোনো সীমা নেই। তাই একাত্তরের ঘাতকদের বিচার ও রায় কার্যকরের মাধ্যমে আমরা বাংলাদেশকে অভিশাপমুক্ত করছি। আর এতে একাত্তরের স্বজনহারা পরিবারগুলো কিছুটা হলেও সান্ত্বনা পাচ্ছে। দেশের কোথাও জঙ্গি-সন্ত্রাসী দেখলে তাদেরকে আইনের হাতে সোপর্দ করতে দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানান প্রধানমন্ত্রী। গতকাল ২৩ নভেম্বর সোমবার স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে দশম জাতীয় সংসদের অষ্টম অধিবেশনের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

**২। সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসি নিয়ে আপত্তিকর মন্তব্য করায় ক্ষুব্ধ বাংলাদেশ : পাকিস্তানকে কড়া জবাব**

**- পাকিস্তানের বিবৃতিতে তীব্র অসন্তোষ প্রধানমন্ত্রীর**

ঘৃণিত দুই রাজাকারের ফাঁসি কার্যকরে নাক গলানোয় পাকিস্তানকে কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ সরকার। তাদের এই বিরূপ মন্তব্যের পরিপ্রেক্ষিতে ক্ষুব্ধ ও হতবাক গোটা জাতি। শিষ্টাচার-বহির্ভূত এমন বিবৃতির মাধ্যমে ৭১'র পরাজিত শক্তি সীমা লঙ্ঘন করেছে এবং দিন দিন তাদের দুঃসাহস বেড়েই চলেছে বলে মনে করেন বিশিষ্টজনরা। এমন ধৃষ্টতার জন্য দ্রুত ক্ষমা না চাইলে পাকিস্তানের সঙ্গে সব সম্পর্ক স্থগিত করার দাবিতে ফুঁসছে দেশবাসী। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, বাংলাদেশ টুডে, ডেইলি অবজারভার**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

যুদ্ধাপরাধী সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসি কার্যকর করার পর পাকিস্তানের বিবৃতিতে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ বিষয়ে তিনি পররাষ্ট্রমন্ত্রী এ এইচএম মাহমুদ আলীকে কড়া প্রতিবাদ জানানোরও নির্দেশ দিয়েছেন। সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের শুরুতে গতকাল ২৩ নভেম্বর সোমবার প্রধানমন্ত্রী ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়ে এসব মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩। জীববৈচিত্র্য আইন মন্ত্রিসভায় অনুমোদন**

সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড ও ১০ লাখ টাকা জরিমানার বিধান রেখে বাংলাদেশের জীববৈচিত্র্য আইন, ২০১৫ এর চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া মন্ত্রিসভা বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন, ২০১৫ এর চূড়ান্ত অনুমোদন এবং বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার তহবিল আইন, ২০১৫ এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে। পাশাপাশি বৈঠকে জাতীয় গুণগত মান (পণ্য ও সেবা) নীতি, ২০১৫ এর খসড়ার অনুমোদনও দেওয়া হয়েছে। গতকাল ২৩ নভেম্বর সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৪। মুক্তিযোদ্ধাদের সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম সরকারি হাসপাতালে মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানে অগ্রাধিকার দিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। গতকাল ২৩ নভেম্বর সোমবার সচিবালয়ে মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসা সেবা সংক্রান্ত এক বৈঠকে মন্ত্রী এই নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৫। হাতে লেখা পাসপোর্ট আজ থেকে অচল : সময় বাড়ানোর আবেদন বাংলাদেশের**

আইসিএও-এর সিদ্ধান্ত অনুযায়ী হাতে লেখা পাসপোর্ট দিয়ে আজ ২৪ নভেম্বর মঙ্গলবার থেকে আন্তর্জাতিক সীমানা পাড়ি দেওয়া যাবে না। যে কাউকে বিদেশ গমনের ক্ষেত্রে অবশ্যই মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) ব্যবহার করতে হবে। আন্তর্জাতিক বিমান সংস্থার (আইসিএও) সিদ্ধান্ত বাস্তবায়ন হলে কমপক্ষে **১১** লাখ বাংলাদেশি বিপদে পড়বেন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। সম্প্রতি পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী জাতীয় সংসদে জানান, এখন পর্যন্ত মাত্র ২৩ লাখ ১৩ হাজার প্রবাসী বাংলাদেশির হাতে তুলে দেওয়া হয়েছে মেশিন রিডেবল পাসপোর্ট। সংসদে তার দেওয়া তথ্য মতে, এখনো ১১ লাখ ৩৩ হাজার ৩৩৭ জন প্রবাসী এমআরপি

চলমান পাতা/৩

হাতে পাননি। নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশ বিদেশে অবস্থানরত সব নাগরিককে এমআরপি দিতে না পারায়, আইসিএও এর কাছে সময় বাড়ানোর আবেদন করবে বলে জানিয়েছেন মন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**৬। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ পেলেই ফেসবুকসহ অ্যাপসগুলো খোলা হবে : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা পেলেই ফেসবুকসহ বন্ধ করে দেওয়া সামাজিক যোগাযোগ মাধ্যম ও ইন্টারনেটে অ্যাপসগুলো খোলা হবে। গতকাল ২৩ নভেম্বর সোমবার সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৫,ক.২)।

**৭। দশম জাতীয় সংসদের অষ্টম অধিবেশন সমাপ্ত**

দশম জাতীয় সংসদের অষ্টম অধিবেশন গতকাল ২৩ নভেম্বর সোমবার শেষ হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাপনী ভাষণের পর রাত ৯টায় অধিবেশন সমাপ্তি সংক্রান্ত রাষ্ট্রপতির আদেশটি পড়ে শোনান। গত ৮ নভেম্বর শুরু হওয়া সংসদের চলতি অধিবেশন **১২** কার্যদিবসে শেষ হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**৮। ৩৪তম বিসিএস ফলের বৈধতা নিয়ে হাইকোর্টের রুল**

৩৪তম বিসিএস পরীক্ষার প্রকাশিত চূড়ান্ত ফল কেন অবৈধ ঘোষণা করা হবে না জানতে চেয়েছেন হাইকোর্ট। গতকাল ২৩ নভেম্বর সোমবার রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি মোস্তফা জামান ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ বিষয়ে রুল জারি করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৯। বাংলাদেশে শিক্ষার মানোন্নয়নে ১ হাজার ৪শ' কোটি টাকা ঋণ দেবে এডিবি**

বাংলাদেশে শিক্ষার মান উন্নয়নে প্রায় ১ হাজার ৪৮০ কোটি টাকা (১৮৫ মিলিয়ন মার্কিন ডলার) ঋণ সহায়তা দেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)। শিক্ষা মন্ত্রণালয়ের 'সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইএসআইপি)' কর্মসূচি বাস্তবায়নের জন্য সহজ শর্তে দ্বিতীয় কিস্তিতে ঋণ সহায়তা দেওয়ার লক্ষ্যে ঋণ চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ সরকার ও এডিবি। গতকাল ২৩ নভেম্বর সোমবার শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) এনইসি-২ সম্মেলন কক্ষে এ চুক্তি সই হয়। বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডির যুগ্ম সচিব সাইফুদ্দিন আহমদ এবং এডিবির পক্ষে সংস্থাটির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি ঋণ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**১০। দেশের ২৩৬ পৌরসভায় ৩০ ডিসেম্বর নির্বাচন : আজ তফসিল ঘোষণা**

দেশের ২৩৬টি পৌরসভায় মেয়র ও কাউন্সিলর পদে ভোট হবে আগামী ৩০ ডিসেম্বর। আজ ২৪ নভেম্বর মঙ্গলবার এ পৌর নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। গতকাল ২৩ নভেম্বর সোমবার ইসির এক জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে ইসি সূত্র জানিয়েছে। এবারেই প্রথম দলীয়ভাবে মেয়র পদে নির্বাচন হবে। তবে কাউন্সিলর প্রার্থীরা আগের মতোই দলের সমর্থন বা নির্দলীয় প্রার্থী হিসেবে লড়তে পারবেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **যায়যায়দিন, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। রাজধানীর জলাবদ্ধতা নিয়ে বিশ্বব্যাংকের গবেষণা : ক্ষতি ১১ হাজার কোটি টাকা**

কোনো উদ্যোগ না নিলে ঢাকা শহরের জলাবদ্ধতার কারণে ২০14 থেকে ২০৫০ সাল পর্যন্ত সময়ে **১১** হাজার কোটি টাকার আর্থিক ক্ষতি হবে। এর সঙ্গে যদি জলবায়ু পরিবর্তনের প্রভাব যুক্ত হয়, তাহলে ওই ক্ষতির পরিমাণ দাঁড়াবে **১৩** হাজার ৯০০ কোটি টাকা। তবে সরকার যদি এখন জলাবদ্ধতা দূরীকরণে ২৭০ কোটি টাকা ব্যয় করে, তাহলে ৭ হাজার কোটি টাকার ক্ষতি কম হবে। বিশ্বব্যাংকের 'জলবায়ু এবং দুর্যোগসহিষ্ণু বৃহত্তর ঢাকা এলাকা : একটি ব্যাষ্টিক বিশ্লেষণ' শীর্ষক গবেষণায় এসব তথ্য তুলে ধরা হয়েছে। গতকাল ২৩ নভেম্বর সোমবার রাজধানীর আগারগাঁওয়ে বিশ্বব্যাংক কার্যালয়ে এ গবেষণা প্রতিবেদনের ফল তুলে ধরা হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১, ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো** : ব্যাংকে অতিরিক্ত তারল্য থাকা মুদ্রাবাজারের সাথে দেশের উন্নয়নের গতি শ্লথ হওয়ার ইঙ্গিতবহ উল্লেখ করে এসব অলস টাকা বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ;

খ. **ইত্তেফাক** : বরিশাল বিভাগের প্রায় এক কোটি মানুষের মধ্যে প্রতি ১৮ হাজারের জন্য আছে মাত্র একজন চিকিৎসক এ খবরে উদ্বেগ প্রকাশ করে সারাদেশে চিকিৎসক সংকট মেটাতে শূন্য পদে দ্রুত নিয়োগের সুপারিশ;

গ. **জনকণ্ঠ** : পৌরসভার মেয়র প্রার্থীরা স্ব স্ব দলীয় প্রতীক বরাদ্দ পাবেন নির্বাচনের জন্য উল্লেখ করে এর সাথে সাথে নির্বাচন যাতে সহিংসতামুক্ত পরিবেশে অনুষ্ঠিত হয় সে বিষয়টি নিশ্চিত করতে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. **সমকাল, সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, ডেইলি অবজারভার, ইন্ডিপেনডেন্ট** : একাত্তরের মানবতাবিরোধী অপরাধে অপরাধী সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের মৃত্যুদণ্ডের রায় কার্যকরে উদ্বেগ প্রকাশ করে পাকিস্তান সরকারের বিবৃতি শুধুমাত্র কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূতই শুধু নয়, বরং অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপের শামিল উল্লেখ করে অবিলম্বে পাকিস্তান সরকারের ধৃষ্টতাপূর্ণ মন্তব্য প্রত্যাহারের দাবি;

ঙ. **ইনকিলাব** : সুন্দরবন রক্ষা, উপকূল জুড়ে সবুজ বেষ্টনী নির্মাণ, সমুদ্র ও নদী ভাঙন থেকে ভূমি ও জনপদ সংরক্ষণ, কৃষি জমির বেহাত রোধ এসব ব্যাপারে সরকারের নজরদারির সুপারিশ;

চ. **ডেইলি সান** : পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে দেশের বাজারে পাটের ব্যবহার বাড়াতে এবং পাটজাত পণ্য বিদেশে রপ্তানির জন্য যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : প্রাকৃতিক গ্যাসের অপচয় রোধে সবাইকে  সচেতন হওয়ার আহ্বান;

জ. **নিউ নেশন** : রাজধানী থেকে দূরে স্থাপিত নতুন সাতটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংকট দূর করতে যথাযথ পদক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে সমৃদ্ধ রাষ্ট্র গঠনের লক্ষ্যে ব্যক্তির উদ্যোগকে উৎসাহিত করা এবং গঠনমূলক কাজকে বাধাগ্রস্ত না করে বিকশিত হওয়ার ব্যবস্থা করে দেওয়া সমাজ ও রাষ্ট্রের কর্তব্য বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'জঙ্গিবাদ দমনে চাই সামাজিক প্রতিরোধ'** শিরোনামের নিবন্ধে ড. মিজানুর রহমান আমাদের সমাজের প্রত্যেক প্রতিষ্ঠান থেকে জঙ্গিবাদ দমনে প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা